

ঢাকা ওয়াসা

নথি নংঃ ৪৬.১১৩.৬২৬.০০.০০.১৪৪.২০২৫

সংযুক্তিঃ ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। টেকনিক্যাল স্পেসিফিকেশন।

সংযুক্তিঃ ৪। বাজার দর।

সংযুক্তিঃ ৫। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Supply of Variable Frequency Drive (VFD) and related others for DTWs of SKWP কাজের অনুমোদন প্রসঙ্গে।

০১। সাভার করোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১৬ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মিরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৪ (চৌদ্দ) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। অত্র প্লান্টের আওতায় ২টি আইআরপি, ১টি ওজিআর, ১টি বুস্টার পাম্পিং স্টেশন ও ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১৬ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) রয়েছে। প্রতিটি DTW পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক SCADA সিস্টেম রয়েছে। গভীর নলকূপের পাম্পগুলো নিরিবিচ্ছিন্ন ভাবে চলমান রাখার জন্য ৪৫ টি গভীর নলকূপ কম্পাউন্ডে ৫৫KW এর ভেরিয়েবল ফ্রিকোয়েন্সি ড্রাইভ (VFD) রয়েছে। ভিএফডি ছাড়া পাম্পগুলো চালানো সম্ভব নয়। আলোচ্য প্লান্টের সাব-স্টোরে ৫৫KW -এর কোন ভিএফডি মজুদ নেই। ফলে কোন কারণে চলমান ভিএফডিগুলোতে সমস্যা দেখা দিলে গভীর নলকূপের পাম্প বন্ধ হয়ে গিয়ে পানি উৎপাদন ব্যাহত হবে। সেপ্রেক্ষিতে পানি উৎপাদন পত্রিয়া অব্যাহত রাখার জন্য উক্ত ৫৫KW এর ভেরিয়েবল ফ্রিকোয়েন্সি ড্রাইভ (VFD) মজুদ রাখা প্রয়োজন।

০৩। সেপ্রেক্ষিতে আলোচ্য কাজের আওতায় ৫৫KW VFD সংগ্রহের জন্য স্পেসিফিকেশন অনুযায়ী (সংযুক্তিঃ ০৩) বাজার দর (সংযুক্তিঃ ০৪) সংগ্রহ করে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ ০৫)। যাতে প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ২৪,৯৮,০০০/- (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার) মাত্র। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'মূলধনি ব্যয়' এর ক্রমিক নংঃ ০৪ এর 'ভি. এফ. ডি. ক্রয়' (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১৪ এর প্যাকেজ G6 এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তিঃ ০২)।


০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ০১ হতে ০৩ পর্যন্ত বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কোরোনীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর পানির পাম্প চালু রাখার জন্য "Supply of Variable Frequency Drive (VFD) and related others for DTWs of SKWP" শীর্ষক সরবরাহ কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারে।

ক) সরবরাহ কাজটি সম্পাদনের সম্পাদনের জন্য PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এ e-GP প্রক্রিয়ায় দরপত্র আহ্বানের অনুমোদন;


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট ২৪,৯৮,০০০/- (চব্বিশ লক্ষ আটানব্বই হাজার) মাত্র এর প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের 'মূলধনি ব্যয়' এর 'ভি. এফ. ডি. ক্রয়' খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


আলোচ্য প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


12.10
2025


মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


24/10/25


সুদীপ্ত কুমার ঘোষ
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট
ঢাকা ওয়াসা।



22/10/25

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।


SF, WSTP-C


22/10/25
মিজা গোলাম কিবরিয়া
উপসহকারী প্রকৌশলী
পানি ও পল্লী পোষনাপার সার্কেল
ঢাকা ওয়াসা।




22/10/25

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা